

বাংলাদেশে বর্তমানে মেঘলা আবহাওয়া বিরাজমান
আলুচাষি ভাইয়েরা আলুর লেইট ব্লাইট সম্পর্কে সতর্ক থাকুন

আলুর লেইট ব্লাইট বা মড়ক রোগ বাংলাদেশের আলু উৎপাদনের ক্ষেত্রে বিশেষ অন্তরায়। এ রোগের আক্রমণে প্রথমে গাছের গোড়ার দিকের পাতায় ছোপ ছোপ ভেজা হালকা সবুজ গোলাকার বা বিভিন্ন আকারের দাগ দেখা যায়, যা দ্রুত কালো রঙ ধারণ করে এবং পাতা পচে যায়। সকাল বেলা আক্রান্ত পাতার নিচে সাদা পাউডারের মতো জীবাণু দেখা যায়। ঠাণ্ডা ও কুয়াশাচ্ছন্ন আবহাওয়ায় আক্রান্ত গাছ দ্রুত পচে যায়। এ অবস্থায় ২-৩ দিনের মধ্যেই ক্ষেতের সব গাছ মরে যেতে পারে।

নভেম্বর থেকে ফেব্রুয়ারি মাসের যেকোনো সময় নিম্ন তাপমাত্রা (রাতে ১০-১৬ ডিগ্রি এবং দিনে ১৬-২৩ ডিগ্রি সেলসিয়াস) এবং কুয়াশাচ্ছন্ন আর্দ্র আবহাওয়া (আর্দ্রতা ৯০% এর বেশি) এ রোগ বিস্তারের জন্য অনুকূল। কুয়াশাচ্ছন্ন আবহাওয়ার সাথে গুড়ি গুড়ি বৃষ্টি হলে এ রোগ ২-৩ দিনের মধ্যে মহামারী আকার ধারণ করে। বাতাস, বৃষ্টিপাত ও সেচের পানির সাহায্যে এ রোগের জীবাণু আক্রান্ত গাছ থেকে সুস্থ গাছে দ্রুত বিস্তার লাভ করে।

- লেইট ব্লাইট রোগ প্রতিরোধের জন্য ৭-১০ দিন পর পর ম্যানকোজেব গ্রুপের অনুমোদিত ছত্রাকনাশক স্প্রে করুন;
- আক্রান্ত জমিতে রোগ নিয়ন্ত্রণ না হওয়া পর্যন্ত সেচ দেয়া বন্ধ রাখুন;
- কুয়াশাচ্ছন্ন আবহাওয়া দীর্ঘ সময় থাকলে ও রোগের মাত্রা ব্যাপক হলে অনুমোদিত ছত্রাকনাশক ৫ দিন পর পর স্প্রে করুন;
- রোগের প্রাদুর্ভাব খুব বেশি হলে ৩-৪ দিন পর পর অনুমোদিত ছত্রাকনাশক স্প্রে করুন;
- ছত্রাকনাশক স্প্রে করার সময় পাতার ওপর ও নিচে ভালোভাবে স্প্রে করুন। সাধারণ স্প্রেয়ারের পরিবর্তে পাওয়ার স্প্রেয়ার ব্যবহার করলে ভালো ফল পাওয়া যায়।

বিস্তারিত তথ্যের জন্য নিকটস্থ উপসহকারী কৃষি কর্মকর্তা বা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন অথবা যেকোনো মোবাইল থেকে কৃষি কল সেন্টারের ১৬১২৩ নম্বরে কল করুন।

প্রচারে :  কৃষি তথ্য সার্ভিস
www.ais.gov.bd

 কৃষি মন্ত্রণালয়
www.moa.gov.bd

বাংলাদেশে বর্তমানে মেঘলা আবহাওয়া বিরাজমান
আলুচাষি ভাইয়েরা আলুর লেইট ব্লাইট সম্পর্কে সতর্ক থাকুন

আলুর লেইট ব্লাইট বা মড়ক রোগ বাংলাদেশের আলু উৎপাদনের ক্ষেত্রে বিশেষ অন্তরায়। এ রোগের আক্রমণে প্রথমে গাছের গোড়ার দিকের পাতায় ছোপ ছোপ ভেজা হালকা সবুজ গোলাকার বা বিভিন্ন আকারের দাগ দেখা যায়, যা দ্রুত কালো রঙ ধারণ করে এবং পাতা পচে যায়। সকাল বেলা আক্রান্ত পাতার নিচে সাদা পাউডারের মতো জীবাণু দেখা যায়। ঠাণ্ডা ও কুয়াশাচ্ছন্ন আবহাওয়ায় আক্রান্ত গাছ দ্রুত পচে যায়। এ অবস্থায় ২-৩ দিনের মধ্যেই ক্ষেতের সব গাছ মরে যেতে পারে।

নভেম্বর থেকে ফেব্রুয়ারি মাসের যেকোনো সময় নিম্ন তাপমাত্রা (রাতে ১০-১৬ ডিগ্রি এবং দিনে ১৬-২৩ ডিগ্রি সেলসিয়াস) এবং কুয়াশাচ্ছন্ন আর্দ্র আবহাওয়া (আর্দ্রতা ৯০% এর বেশি) এ রোগ বিস্তারের জন্য অনুকূল। কুয়াশাচ্ছন্ন আবহাওয়ার সাথে গুড়ি গুড়ি বৃষ্টি হলে এ রোগ ২-৩ দিনের মধ্যে মহামারী আকার ধারণ করে। বাতাস, বৃষ্টিপাত ও সেচের পানির সাহায্যে এ রোগের জীবাণু আক্রান্ত গাছ থেকে সুস্থ গাছে দ্রুত বিস্তার লাভ করে।

- লেইট ব্লাইট রোগ প্রতিরোধের জন্য ৭-১০ দিন পর পর ম্যানকোজেব গ্রুপের অনুমোদিত ছত্রাকনাশক স্প্রে করুন;
- আক্রান্ত জমিতে রোগ নিয়ন্ত্রণ না হওয়া পর্যন্ত সেচ দেয়া বন্ধ রাখুন;
- কুয়াশাচ্ছন্ন আবহাওয়া দীর্ঘ সময় থাকলে ও রোগের মাত্রা ব্যাপক হলে অনুমোদিত ছত্রাকনাশক ৫ দিন পর পর স্প্রে করুন;
- রোগের প্রাদুর্ভাব খুব বেশি হলে ৩-৪ দিন পর পর অনুমোদিত ছত্রাকনাশক স্প্রে করুন;
- ছত্রাকনাশক স্প্রে করার সময় পাতার ওপর ও নিচে ভালোভাবে স্প্রে করুন। সাধারণ স্প্রেয়ারের পরিবর্তে পাওয়ার স্প্রেয়ার ব্যবহার করলে ভালো ফল পাওয়া যায়।

বিস্তারিত তথ্যের জন্য নিকটস্থ উপসহকারী কৃষি কর্মকর্তা বা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন অথবা যেকোনো মোবাইল থেকে কৃষি কল সেন্টারের ১৬১২৩ নম্বরে কল করুন।

প্রচারে :  কৃষি তথ্য সার্ভিস
www.ais.gov.bd

 কৃষি মন্ত্রণালয়
www.moa.gov.bd